

চাকরি ছাড়া কিছু ভাবাচ্ছে না শিক্ষাব্যবস্থা

বিধান রঞ্জন রায়, গণশিক্ষা উপদেষ্টা

২৪ নভেম্বর ২০২৪, ১২:০০ এএম



প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্ধার বলেছেন, বাংলাদেশ এডুকেশন সিস্টেম এরকম যে, লেখাপড়া শেষ করে শিক্ষার্থীরা চাকরি ছাড়া অন্য কিছু ভাবেন না। অথচ বিশ্ব প্রতিনিয়ত চেঞ্জ হচ্ছে। ফলে বিশ্বের সঙ্গে তালমিলিয়ে আমরা এগিয়ে যেতে পারছি না। মানুষ মুক্তচিন্তা করবে, কল্পনা করবে, উদ্ভাবনী চিন্তাশক্তি প্রকাশ করবে। তাহলে আমাদের পরিবর্তন আসবে।

UNIBOTS

গতকাল শনিবার রাজধানীর ধানমন্ডিতে ড্যাফোডিল প্লাজায় ‘গ্লোবাল অ্যান্ট্রাপ্রেনিউরশিপ উইক ২০২৪’-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপদেষ্টা এসব কথা বলেন। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইনোভেশন অ্যান্ড অ্যান্ট্রাপ্রেনিউরশিপ বিভাগের উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপদেষ্টা বিধান রঞ্জন রায় পোদ্দার বলেন, ব্রিটিশ আমল থেকে আমাদের এ অঞ্চলে উদ্যোক্তারা সফল হতে পারেননি। ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি সেটা হতে দেয়নি। ১৯৪৭ ও ১৯৭১ সালে দুইবার স্বাধীন হওয়ার পরও আমাদের লিগ্যাসি রয়ে গেছে। আমরা সেখান থেকে বের হতে পারিনি।

উপদেষ্টা বলেন, দেশে অতি সম্প্রতি নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হচ্ছে, এটি খুব ভালো খবর। কিন্তু উদ্যোক্তারা বেশির ভাগ বিদেশে চলে যান। তাদের দেশে ধরে রাখার জন্য সরকারি-বেসরকারি উদ্যোগ নিতে হবে। কারণ দেশের জন্য তাদের বেশি প্রয়োজন।

অনুষ্ঠানে বক্তব্য দেন গ্লোবাল অ্যান্ট্রাপ্রেনিউরশিপ নেটওয়ার্ক বাংলাদেশের ম্যানেজিং ডিরেক্টর ড. মো. সবুর খান, আন্তর্জাতিক শ্রম সংস্থার দক্ষতা বিশেষজ্ঞ গুনজন দাল্লাকটি, মাইক্রোসফট বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ইউসুফ ফারুক, বাংলাদেশ ভেঞ্চার ক্যাপিটাল লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা শওকত হোসেন, বাংলাদেশ ফেডারেশন অব উইমেনস অ্যান্ট্রাপ্রেনিউরশিপের সভাপতি ড. রুবিনা হোসেন এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইনোভেশন অ্যান্ড অ্যান্ট্রাপ্রেনিউরশিপ বিভাগের প্রধান মোহাম্মদ কামরুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ‘গ্লোবাল অ্যান্ট্রাপ্রেনিউরশিপ উইক ২০২৪’-এর ন্যাশনাল হোস্ট ও বাংলাদেশ স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক কেএম হাসান রিপন। নিজস্ব প্রতিবেদক